

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১২, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ বৈশাখ ১৪১২/১১ মে ২০০৫

এস, আর, ও নং ১১০-আইন/২০০৫—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৮৪-আইন/২০০৫, তারিখ ২৬ চৈত্র, ১৪১১ বঙ্গাব্দ মোতাবেক ৯ এপ্রিল, ২০০৫ খ্রিস্টাব্দ দ্বারা নিম্নতফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে ঢাকা জেলার দোহার মিউনিসিপ্যালিটিভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণের উদ্দেশ্যে The Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ সম্প্রসারণের প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য ঢাকা জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে দোহার মিউনিসিপ্যালিটিভুক্ত করার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীন উক্তরূপ সম্প্রসারণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার ঢাকা জেলার দোহার উপজেলাধীন নিম্নতফসিলের বর্ণিত শহর এলাকাকে আগামী ৭ জ্যৈষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ

(২৫৭৯)

মূল্য : টাকা ১.০০

মোতাবেক ২১ মে, ২০০৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে দোহার মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণ করিল, যথাঃ—

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	রাইপাড়া	লটাখোলা	৪৩	৫২৫—৭২৬, ৮৭১, ১০৬৯—১৩৫৩, ২৫৭৭—২৫৯৮, ২৬০০—২৮০৯, ২৯৩০—২৯৩৩।

রষ্ট্রেপতির আদেশক্রমে

সহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।